গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ / ০৭ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১৩৭-আইন/২০২৬/৩৪২-মূসক ।- সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর First Schedule এর কলাম (1) এর শিরোনামা সংখ্যা (Heading No.) 87.02, 87.03 ও 87.04 এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) 8702.40.00, 8703.21.31, 8703.22.14, 8703.22.21, 8703.22.24, 8703.23.21, 8703.23.24, 8703.23.41, 8703.23.44, 8703.23.61, 8703.23.63, 8703.31.21, 8703.31.41, 8703.31.44, 8703.32.21, 8703.32.24, 8703.32.41, 8703.32.44, 8703.32.61, 8703.32.64, 8703.60.11, 8703.60.15, 8703.60.21, 8703.60.25, 8703.60.31, 8703.60.35, 8703.70.11, 8703.70.15, 8703.70.21, 8703.70.25, 8703.70.31 8703.70.35, 8703.80.00, "8703.40.11, 8703.40.21, 8703.40.31, 8703.40.41, 8703.50.11, 8703.50.21, 8703.50.31, 8703.50.41, 8703.90.13 ও 8704.60.00 এর বিপরীতে কলাম (3) এ বর্ণিত ৩০০০ সিসি পর্যন্ত মোটরকার, মোটর ভেহিক্যাল, হাইব্রিড গাড়ি, প্লাগইন হাইব্রিড গাড়ি, সাধারণ ও আইসিইউ (ICU) অ্যাম্বুলেন্স এবং ফোর হুইলার সাধারণ ও আইসিইউ (ICU) অ্যাম্বুলেন্সসহ অন্যান্য থ্রি-হুইলার ও ফোর হুইলার ইলেকট্রিক ভেহিক্যাল, ইলেকট্রিক বাস ও ইলেকট্রিক ট্রাককে, অতঃপর পণ্য বলিয়া উল্লিখিত, এর ক্ষেত্রে-

(ক) নিম্নবর্ণিত টেবিল-১ এর শর্তাবলি পরিপালন সাপেক্ষে উৎপাদনকারীকে স্থানীয় উৎপাদন পর্যায়ে সমুদয় মূল্য সংযোজন কর এবং উক্ত পণ্য উৎপাদনে ব্যবহৃত প্রয়োজনীয় উপকরণ ও খুচরা যন্ত্রাংশ আমদানি ও স্থানীয় ক্রয়ের ক্ষেত্রে উহাদের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর (আগাম করসহ) ও সম্পূরক শুল্ক (যদি থাকে) হইতে ৩০ জুন, ২০৩০ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত অব্যাহতি প্রদান করিল;

(খ) নিম্নবর্ণিত টেবিল-২ এর শর্তাবলি পরিপালন সাপেক্ষে সংযোজনকারীকে স্থানীয় উৎপাদন পর্যায়ে ৫ শতাংশের অতিরিক্ত মূল্য সংযোজন কর হইতে এবং উক্ত পণ্য উৎপাদনে ব্যবহৃত প্রয়োজনীয় উপকরণ ও খুচরা যন্ত্রাংশ আমদানি ও স্থানীয় ক্রয়ের ক্ষেত্রে উহাদের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর (আগাম করসহ) ও সম্পূরক শুল্ক (যদি থাকে) ৩০ জুন, ২০৩০ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত অব্যাহতি প্রদান করিল; এবং

(গ) নিম্নবর্ণিত টেবিল-৩ এর শর্তাবলি পরিপালন সাপেক্ষে ভেন্ডরকে স্থানীয় উৎপাদন পর্যায়ে ৫ শতাংশের অতিরিক্ত মূল্য সংযোজন কর হইতে এবং উক্ত পণ্য উৎপাদনে ব্যবহৃত প্রয়োজনীয় উপকরণ ও খুচরা যন্ত্রাংশ আমদানি ও স্থানীয় ক্রয়ের ক্ষেত্রে উহাদের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর (আগাম করসহ) ও সম্পূরক শুল্ক (যদি থাকে) ৩০ জুন, ২০৩০ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত অব্যাহতি প্রদান করিল; যথা:-

টেবিল-১

(ক) বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ বা, ক্ষেত্রমত, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ বা বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ হইতে সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে উৎপাদক হিসাবে নিবন্ধন গ্রহণ করিতে হইবে;

(খ) বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ হইতে পণ্য উৎপাদনের মেকার'স কোড (Maker's Code) এবং টাইপ অনুমোদন (type approval) গ্রহণ করিতে হইবে;

(গ) সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানে প্রয়োজনীয় মেশিন স্থাপনপূর্বক নিজস্ব রোবটিক ওয়েল্ডিং শপে (Welding Shop) দরজা, বনেট, বডি প্যানেল (body panel) ও অন্যান্য পার্টস ওয়েল্ডিং, রিভেটিং, গ্লুয়িং ইত্যাদি সহ অন্যান্য আনুষঙ্গিক প্রক্রিয়াকরণ সম্পন্ন করে ওয়েল্ডিং শপে পূর্ণাঙ্গ বডি-ইন-হোয়াইট (Body-in-White) তৈরি করিতে হইবে;

(ঘ) সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানে রঙ করিবার জন্য পেইন্ট শপ থাকিতে হইবে এবং উক্ত পেইন্ট শপে প্রি-ট্রিটমেন্ট এন্ড সারফেস প্রিপারেশন (Pre-treatment and Surface Preparation), ইলেকট্রো-ডিপোজিশন কোটিং (ED Coating), প্রাইমার-অ্যাপ্লিকেশন (Primer Application), বেইসকোট (Basecoat), ক্লিয়ারকোট (Clear coat) সহ সকল পর্যায়ের পেইন্ট কার্যক্রম সম্পন্ন করিতে হইবে;

(ঙ) সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানে চেসিস মেটিং (Chassis Mating) ও ব্যাটারি প্যাক মাউন্টিং, ড্রাইভট্রেইন ইনস্টলেশন (Drivetrain Installation) কার্যক্রমসহ গাড়ির ইনটেরিয়র এর সিট, ড্যাশবোর্ড, ওয়ারিং হারনেস, ইনফোটেইনমেন্ট সিস্টেম, HVAC System (Heating, Ventilation, and Air Conditioning) ইত্যাদি এসেম্বলিং কার্যক্রম সম্পন্ন করিতে হইবে;

(চ) পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানে এ্যাসেম্বলি সেকশন, টেস্টিং, কোয়ালিটি কন্ট্রোল ও প্রি-ডেলিভারি ইন্সপেকশন এর ব্যবস্থা থাকিতে হইবে;

(ছ) পরিবেশ বান্ধব গাড়ি উৎপাদনের লক্ষ্যে ন্যূনতম Euro 4 emission Standard অনুসরণ করিতে হইবে এবং সে লক্ষ্যে ব্র্যান্ড ম্যানুফ্যাকচারার এর প্রত্যয়ন থাকিতে হইবে, তবে, ইলেকট্রিক ভেহিক্যাল এর ক্ষেত্রে এই বিধান প্রযোজ্য হইবে না;

(জ) উৎপাদনকারী প্রতিষ্ঠানের অনুকূলে পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত ছাড়পত্র থাকিতে হইবে;

(ঝ) উৎপাদনকারী প্রতিষ্ঠানের আইএসও সনদ (ISO Certification) থাকিতে হইবে;

(ঞ) পরিবেশ মন্ত্রণালয় কর্তৃক সময় সময় জারীকৃত প্রজ্ঞাপন বা নীতিমালা অনুসরণপূর্বক Battery Disposal করিবার নিমিত্তে ইলেকট্রিক ভেহিক্যাল উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিজস্ব ব্যবস্থাপনায় কিংবা Battery Disposal করিতে সক্ষম এইরূপ প্রতিষ্ঠানের সহিত চুক্তি থাকিতে হইবে;

(ট) প্রশিক্ষণের মাধ্যমে ক্রমান্বয়ে প্রযুক্তি হস্তান্তরের নিমিত্ত প্রতিষ্ঠানে কর্মরত জনবলকে দক্ষ মানবসম্পদে রূপান্তরের লক্ষ্যে প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান ও ব্র্যান্ড ম্যানুফ্যাকচারার এর মধ্যে কারিগরি সহায়তা চুক্তি থাকিতে হইবে;এবং

(ঠ) যথাযথ কাস্টমার সেবা প্রদানের লক্ষ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অধীনে বিক্রয়, খুচরা যন্ত্রাংশ ও বিক্রয়োত্তর সেবা প্রদানের ব্যবস্থা থাকিতে হইবে।

টেবিল-২

(ক)	বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ বা, ক্ষেত্রমত, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ বা বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ হইতে সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে উৎপাদক হিসাবে নিবন্ধন গ্রহণ করিতে হইবে;
(খ)	বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ হইতে পণ্য উৎপাদনের মেকার'স কোড (Maker's Code) এবং টাইপ অনুমোদন (type approval) গ্রহণ করিতে হইবে;
(গ)	পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের ব্র্যান্ড ম্যানুফ্যাকচারার অনুমোদিত পেইন্ট শপ থাকিতে হইবে, বডি চেসিসসহ অন্যান্য যন্ত্রাংশসমূহ প্রাইমার কোট ব্যতীত বা প্রাইমার কোট করা অবস্থায় আমদানি করিতে পারিবে, তবে ফাইনাল রং করা থাকিতে পারিবে না, ফাইনাল রং এর কার্যক্রম প্রতিষ্ঠানের নিজস্ব পেইন্ট শপ দ্বারা সম্পাদন করিতে হইবে;
(ঘ)	সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানে চেসিস মেটিং (Chassis Mating) ও ব্যাটারি প্যাক মাউন্টিং, ড্রাইভট্রেইন ইনস্টলেশন (Drivetrain Installation) কার্যক্রমসহ গাড়ির ইনটেরিয়র এর সিট, ড্যাশবোর্ড, ওয়ারিং হারনেস, ইনফোটেইনমেন্ট সিস্টেম, HVAC System (Heating, Ventilation, and Air Conditioning) ইত্যাদি এসেম্বলিং কার্যক্রম সম্পন্ন করিতে হইবে;
(ঙ)	পরিবেশ বান্ধব গাড়ি উৎপাদনের লক্ষ্যে ন্যূনতম Euro 4 emission Standard অনুসরণ করিতে হইবে এবং সে লক্ষ্যে ব্র্যান্ড ম্যানুফ্যাকচারার এর প্রত্যয়ন থাকিতে হইবে, তবে, ইলেকট্রিক ভেহিক্যাল এর ক্ষেত্রে এই বিধান প্রযোজ্য হইবে না;
(চ)	পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানে পৃথক টেস্টিং, কোয়ালিটি কন্ট্রোল ও প্রি-ডেলিভারি ইন্সপেকশন এর ব্যবস্থা থাকিতে হইবে;
(ছ)	প্রশিক্ষণের মাধ্যমে ক্রমান্বয়ে প্রযুক্তি হস্তান্তরের নিমিত্ত প্রতিষ্ঠানে কর্মরত জনবলকে দক্ষ মানবসম্পদে রূপান্তরের লক্ষ্যে প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান ও ব্র্যান্ড ম্যানুফ্যাকচারার এর মধ্যে কারিগরি সহায়তা চুক্তি থাকিতে হইবে;
(জ)	যথাযথ কাস্টমার সেবা প্রদানের লক্ষ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অধীনে বিক্রয়, খুচরা যন্ত্রাংশ ও বিক্রয়োত্তর সেবা প্রদানের ব্যবস্থা থাকিতে হইবে; এবং
(ঝ)	উৎপাদনকারী প্রতিষ্ঠানের অনুকূলে পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত ছাড়পত্র থাকিতে হইবে।

টেবিল-৩

(ক) বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ বা, ক্ষেত্রমত, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ বা বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ হইতে ভেন্ডর প্রতিষ্ঠানকে উৎপাদক হিসাবে নিবন্ধন গ্রহণ করিতে হইবে;

(খ) প্রতিষ্ঠানটি টেবিল-১ এর শর্ত পরিপালনকারী উৎপাদনকারী প্রতিষ্ঠান অথবা টেবিল-২ এর শর্ত পরিপালনকারী সংযোজনকারী প্রতিষ্ঠানের Nominated/Listed Vendor হইতে হইবে এবং ইহার সপক্ষে উৎপাদনকারী প্রতিষ্ঠান বা সংযোজনকারী প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/ ব্যবস্থাপনা পরিচালক/চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র শুল্কায়নকালে দাখিল করিতে হইবে;

(গ) প্রতিষ্ঠানটি টেবিল-১ এর শর্ত পরিপালনকারী উৎপাদনকারী প্রতিষ্ঠান অথবা টেবিল-২ এর শর্ত পরিপালনকারী সংযোজনকারী প্রতিষ্ঠানকে মোটরকার, মোটর ভেহিক্যাল, হাইব্রিড গাড়ি, প্লাগইন হাইব্রিড, সাধারণ ও আইসিইউ (ICU) অ্যাম্বুলেন্স এবং ফোর হুইলার সাধারণ ও আইসিইউ (ICU) অ্যাম্বুলেন্সসহ অন্যান্য ইলেকট্রিক ভেহিক্যাল উৎপাদনের ক্ষেত্রে উহার প্রয়োজনীয় কোনো আইটেম বা পার্টস বা যন্ত্রাংশ স্থানীয়ভাবে Nominated/Listed Vendor হিসেবে সরবরাহ করিবার ক্ষেত্রে উক্ত উৎপাদনকারী বা সংযোজনকারী প্রতিষ্ঠান হইতে লোকাল এলসি (Local LC) প্রাপ্ত হইতে হইবে এবং উক্ত এলসির ব্যাংক কর্তৃক প্রত্যয়িত কপি শুল্কায়নকালে দাখিল করিতে হইবে;

(ঘ) প্রতিষ্ঠান কর্তৃক ভেন্ডর হিসেবে যেসকল পার্টস বা যন্ত্রাংশ স্থানীয়ভাবে সরবরাহ করা হইবে সেই সকল প্রতিটি পার্টস বা যন্ত্রাংশ তৈরির বিপরীতে প্রয়োজনীয় কাঁচামাল/উপকরণের নাম এবং পরিমাণ সুনির্দিষ্টভাবে উল্লেখপূর্বক ভেন্ডর প্রতিষ্ঠান এবং সরবরাহ গ্রহণকারী উৎপাদনকারী বা সংযোজনকারী প্রতিষ্ঠান উভয়ের স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ চেয়ারম্যান এর যৌথ স্বাক্ষরযুক্ত তালিকা শুল্কায়নকালে দাখিল করিতে হইবে;

(ঙ) ভেন্ডর প্রতিষ্ঠানের পৃথক টেস্টিং, কোয়ালিটি কন্ট্রোল ও ইন্সপেকশন এর ব্যবস্থা থাকিতে হইবে;

(চ) ভেন্ডর হিসেবে উৎপাদনকারী বা সংযোজনকারী প্রতিষ্ঠানকে যে সকল আইটেম বা পার্টস বা যন্ত্রাংশ সরবরাহ করা হইবে সেই সকল সরবরাহের বিপরীতে সমুদয় প্রাপ্তি ব্যাংকিং চ্যানেলে গ্রহণ করিতে হইবে;

(ছ) প্রতিষ্ঠানটির অনুকূলে পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত ছাড়পত্র থাকিতে হইবে;

ব্যাখ্যা।— এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে-

(অ) **"উৎপাদনকারী"** প্রতিষ্ঠান অর্থ এমন কোনো মূসক নিবন্ধিত উৎপাদনকারী প্রতিষ্ঠান যাহারা এই প্রজ্ঞাপনের টেবিল-১ এর শর্তাবলি পূরণ করে;

(আ) **"সংযোজনকারী"** প্রতিষ্ঠান অর্থ এমন কোনো মূসক নিবন্ধিত উৎপাদনকারী প্রতিষ্ঠান যাহারা এই প্রজ্ঞাপনের টেবিল-২ এর শর্তাবলি পূরণ করে; এবং

(ই) **"ভেন্ডর"** অর্থ এমন কোনো মূসক নিবন্ধিত উৎপাদনকারী প্রতিষ্ঠান যাহারা স্থানীয়ভাবে সংগৃহীত অথবা আমদানিকৃত কাঁচামাল দ্বারা মোটরকার, মোটর ভেহিক্যাল, হাইব্রিড গাড়ি, প্লাগইন হাইব্রিড, সাধারণ ও আইসিইউ (ICU) অ্যাম্বুলেন্স এবং ফোর হুইলার সাধারণ ও আইসিইউ (ICU) অ্যাম্বুলেন্সসহ অন্যান্য ইলেকট্রিক ভেহিক্যাল এর কোনো আইটেম বা

পার্টস বা যন্ত্রাংশ প্রস্তুতপূর্বক মোটরকার, মোটর ভেহিক্যাল, হাইব্রিড গাড়ি, প্লাগইন হাইব্রিড, সাধারণ ও আইসিইউ (ICU) অ্যাম্বুলেন্স এবং ফোর হুইলার সাধারণ ও আইসিইউ (ICU) অ্যাম্বুলেন্সসহ অন্যান্য ইলেকট্রিক ভেহিক্যাল উৎপাদনকারী/সংযোজনকারী প্রতিষ্ঠানকে সুনির্দিষ্ট বিক্রয় চুক্তির আওতায় সরবরাহ করিয়া থাকে।

২। উৎপাদনকারী প্রতিষ্ঠানকে **'পরিশিষ্ট-ক'** মোতাবেক বিভাগীয় কর্মকর্তার নিকট মূল্য সংযোজনের স্বপক্ষে একটি ঘোষণাপত্র দাখিল করিতে হইবে এবং উক্ত ঘোষণার ভিত্তিতে কমপক্ষে ৩০ (ত্রিশ) শতাংশ মূল্য সংযোজন করিতে হইবে।

৩। উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানে যে কোনো সময় কর্মরত জনবলের অন্যূন ২৫০ (দুইশত পঞ্চাশ) জন বাংলাদেশি হইতে হইবে।

৪। এই প্রজ্ঞাপনে উল্লিখিত অব্যাহতির সুযোগ গ্রহণের জন্য সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে এই প্রজ্ঞাপনে উল্লিখিত সকল শর্তাবলি পরিপালন করা হইবে মর্মে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদানপূর্বক আনুষঙ্গিক দলিলাদিসহ জাতীয় রাজস্ব বোর্ডের নিকট আবেদন করিতে হইবে।

৫। টেবিল-১ বা টেবিল-২ এর শর্তাধীনে উক্ত পণ্য উৎপাদনের লক্ষ্যে নিবন্ধিত প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত আবেদনের ভিত্তিতে নিম্নবর্ণিত পরিদর্শন কমিটির প্রতিবেদন জাতীয় বোর্ড কর্তৃক গৃহীত হইতে হইবে, যথা:-

(ক)	প্রথম সচিব (মূসক), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা	আহ্বায়ক
(খ)	সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা	সদস্য
(গ)	যেকোনো পাবলিক বিশ্ববিদ্যালয় এর একজন যথোপযুক্ত প্রতিনিধি	সদস্য
(ঘ)	সংশ্লিষ্ট মূসক সার্কেল এর রাজস্ব কর্মকর্তা	সদস্য
(ঙ)	দ্বিতীয় সচিব (মূসক), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা	সদস্য সচিব

৬। অনুচ্ছেদ ৫ এ উল্লিখিত কমিটি, উহার গঠনের অনধিক ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে, উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান পরিদর্শনপূর্বক প্রতিবেদন জাতীয় রাজস্ব বোর্ডে দাখিল করিবে এবং প্রতিবেদন প্রাপ্তির পর জাতীয় রাজস্ব বোর্ড প্রতিবেদন বিবেচনাপূর্বক এই প্রজ্ঞাপনের শর্তাবলি যথাযথভাবে প্রতিপালিত হইয়াছে মর্মে সন্তুষ্ট হইলে উক্তরূপ প্রতিবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে উল্লিখিত অব্যাহতি প্রদান করিতে পারিবে।

৭। এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে, কোনো উৎপাদনকারীকে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ৪০ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করিতে হইবে।

৮। কোনো পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান অনুচ্ছেদ ৭ এর বিধানাবলি পরিপালন করিতে ব্যর্থ হইলে উক্তরূপ অব্যাহতি প্রাপ্য হইবে না।

৯। অব্যাহতি সুবিধা প্রাপ্ত কোনো প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনে বর্ণিত শর্তাবলি যথাযথভাবে প্রতিপালন করিতেছে কিনা উহা যাচাইয়ের জন্য সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কমিশনার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিতে পারিবে।

১০। অনুচ্ছেদ ৯ এর অধীন অনুসন্ধানের পরিপ্রেক্ষিতে যদি প্রতীয়মান হয় যে, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক এই প্রজ্ঞাপনের কোনো শর্ত প্রতিপালিত হইতেছে না তাহা হইলে উহার বিরুদ্ধে কাস্টমস আইন, ২০২৩ ও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর বিধান অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাইবে এবং বোর্ড অব্যাহতি সুবিধা তাৎক্ষণিকভাবে বাতিল করিতে পারিবে।

১১। ২ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৬৫-আইন/২০২২/১৭৮-মূসক এতদ্দ্বারা রহিত করা হইল, তবে শর্ত থাকে যে, ইতিপূর্বে যেসকল প্রতিষ্ঠান উক্ত প্রজ্ঞাপনের শর্ত পরিপালন সাপেক্ষে রেয়াতি সুবিধা প্রাপ্য হইয়াছে, উহাদের ক্ষেত্রে উক্ত প্রজ্ঞাপন কার্যকর রহিয়াছে মর্মে গণ্য হইবে এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে ৩০ জুন, ২০২৭ খ্রিষ্টাব্দের মধ্যে এই প্রজ্ঞাপনে উল্লিখিত সংশ্লিষ্ট টেবিলের সকল শর্তাবলি পরিপালন করিতে হইবে।

১২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২৬ খ্রিষ্টাব্দে কার্যকর হইবে এবং ৩০ জুন, ২০৩০ খ্রিষ্টাব্দ পর্যন্ত বলবৎ থাকিবে।

পরিশিষ্ট-ক

১। করদাতার নাম:
২। ঠিকানা:
৩। ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা:
৪। ঘোষণার তারিখ :

ক্রমিক সংখ্যা	পণ্যের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (HS Code)	উৎপাদিত পণ্যের নাম ও বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে ব্র্যান্ড নেম সহ)	সরবরাহ /বিক্রয়ের একক	পণ্য উৎপাদনে ব্যবহার্য উপকরণ/ কাঁচামাল এবং প্যাকিং সামগ্রীর নাম ও বিবরণ	একক পণ্য উৎপাদনে ব্যবহার্য অপচয়সহ উপকরণ/কাঁচামাল ও প্যাকিং সামগ্রীর পরিমাণ (অপচয়ের পরিমাণ প্রথম বন্ধনীর মধ্যে আলাদাভাবে উল্লেখ করিতে হইবে)	কলাম (৬) এ বর্ণিত উপকরণ বা প্যাকিং সামগ্রীর মূল্য (আমদানিকৃত হলে শুল্কায়নযোগ্য মূল্য+শুল্ক+ সম্পূরক শুল্ক+এলসি ফি+ অবকাঠামো উন্নয়ন সারচার্জ/ স্থানীয় উৎপাদিত হইলে সম্পূরক শুল্কসহ মোট ক্রয়মূল্য (প্রদত্ত মূসক ব্যতীত)/আবগারি পণ্য হইলে আবগারি শুল্কসহ মোট মূল্য/ মূসক অব্যাহতিপ্রাপ্ত হইলে মোট ক্রয়মূল্য)	মূল্য সংযোজনের খাত/ আইটেমের নাম	প্রতি একক পণ্য মূল্যে কলাম (৮) এ উল্লিখিত প্রতিটি আইটেম বা খাতের অবদান/মূল্য সংযোজনের পরিমাণ	সম্পূরক শুল্ক আরোপযোগ্য মূল্য (যদি বিবেচ্য পণ্যের উৎপাদন পর্যায়ে সম্পূরক শুল্ক প্রযোজ্য থাকে) [কলাম (৭) ও (৯) এর যোগফল]		কলাম (১১) এ প্রস্তাবিত মূল্যের উপর সম্পূরক শুল্কের পরিমাণ	মূসক আরোপযোগ্য মূল্য [কলাম (১১)+ কলাম (১২)] [বি:দ্র: যেক্ষেত্রে স্থানীয় পর্যায়ে সম্পূরক শুল্ক প্রযোজ্য নয় সেক্ষেত্রে [কলাম (৭)+(৯)]		শুল্ক ও করসহ বিক্রয়মূল্য	
										বর্তমান	প্রস্তাবিত		বর্তমান	প্রস্তাবিত	পাইকারী	মুদ্রিত খুচরা মূল্য (যদি থাকে)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)	(১৩)	(১৪)	(১৫)	(১৬)

১। উক্ত টেবিলে প্রদত্ত তথ্যের সমর্থনে প্রমাণিক দলিলাদি এই ঘোষণাপত্রের সহিত সংযুক্ত করা হইয়াছে।

২। আমি এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, এই প্রজ্ঞাপনে বর্ণিত অব্যাহতি সুবিধা গ্রহণকল্পে প্রদত্ত সকল তথ্য যথার্থ ও সত্য এবং ইহা নির্ধারণের অনুকূলে সকল দলিলাদি আমার এখাতিয়ারে রহিয়াছে।

৩। মূল্য সংযোজন কর কর্তৃপক্ষ কর্তৃক পরিচালিত কোনো তদন্তে উল্লিখিত ঘোষণা অসংগতিপূর্ণ বা অসত্য প্রতীয়মান হওয়ার ক্ষেত্রে বোর্ড অব্যাহতি সুবিধা বাতিল করিতে পারিবে ও প্রযোজ্য কর পরিশোধযোগ্য হইবে।

তারিখ:

নিবন্ধিত ব্যক্তি/ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের স্বাক্ষর ও সিল

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
(মোঃ আবদুর রহমান খান এফসিএমএ)
সচিব